২য় বারের মতো মেহেরপুর জেনারেল হাসপাতালের নতুন ভবনের উদ্বোধন আজ

২য় বারের মত মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের নতুন ভবনে স্বাস্থ্যসেবা কার্যক্রমের উদ্বোধন আজ।

আজ শুক্রবার বিকাল ৩টায় মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের নতুন ভবনে স্বাস্থ্যসেবা কার্যক্রমের শুভ উদ্বোধন উপলক্ষে হাসপাতাল প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য ড. বদিউল আলম মজুমদার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মো: মোখলেস উর রহমান, স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মোঃ সাইদুর রহমান, পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমইডি সচিব মোঃ কামাল উদ্দিন, খুলনা বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) মোঃ ফিরোজ সরকার, ঢাকা স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. মোঃ আবু জাফর, খুলনা রেঞ্জ ডিআইজি মোঃ রেজাউল হক, খুলনা বিভাগের ভারপ্রাপ্ত (স্বাস্থ্য) পরিচালক ডা. মোঃ মুজিবুর রহমান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়াও মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম, পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী, সিভিল সার্জন ডা. এ. কে. এম. আবু সাঈদ এবং হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. শাহরিয়া শায়লা জাহান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য মনির হায়দার অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

এর আগে ২০২৩ সালে জাতীয় সংসদ নির্বাচনের আগে ভবনের কাজ সম্পন্ন না হলেও সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন ভবনটির উদ্বোধন করেছিলেন। উদ্বোধন হলেও তখন থেকে এ ভবনে কোন কার্যক্রম হয়নি। তবে এবার স্বাস্থ্য কাযর্ক্রম শুরু হবে বলে জানা গেছে।